



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকশিক্ষা বোর্ড, ময়মনসিংহ
কার্যালয়ঃবাসা নং-৩৪৬/২, তোলাদিয়া রোড (কাঠগোলাবাজার), ময়মনসিংহ
ফোন : ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭, E-mail : chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd

স্মারক : ময়শিবো/পনি/মাধ্যমিক/১০/০২/১৯/০৯

তারিখ : ১৬/০১/২০২০ খ্রি:

বিষয় : এসএসসি-২০২০ পরীক্ষার কেন্দ্রসমূহের পরীক্ষার্থীদের প্রবেশপত্র ডাউনলোড সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে এসএসসি-২০২০ পরীক্ষার কেন্দ্র সচিবগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তাঁর কেন্দ্রের অন্তর্ভুক্ত প্রতিষ্ঠানসমূহের পরীক্ষার্থীদের প্রবেশপত্র, রোলশিট ও উপস্থিতিপত্র আগামী ২০/০১/২০২০ খ্রি: সকাল ১০ ঘটিকা হতে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

নিম্নোক্ত পদ্ধতিতে প্রবেশপত্র ডাউনলোড করতে হবে:

- ধাপ ০১ - বোর্ডের ওয়েবসাইট (www.mymensingheducationboard.gov.bd) ভিজিট করতে হবে।
- ধাপ ০২ - বামপার্শ্বের মেন্যুগুলোর মধ্য থেকে "Admit Card" অপশনে ক্লিক করতে হবে।
- ধাপ ০৩ - Centre Code এবং Password লিখে "Login" বাটনে ক্লিক করতে হবে।
- ধাপ ০৪ - ডানপার্শ্বের ভিন্ন ভিন্ন "Print" বাটন থেকে প্রবেশপত্র, রোলশিট ও উপস্থিতিপত্র প্রিন্ট করে নিতে হবে।

প্রবেশপত্র অবশ্যই ৮০ গ্রাম A4 সাইজ কাগজে প্রিন্ট দিতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, পরীক্ষার্থীর "অবশ্যই পালনীয় নিয়মাবলী (Student Instruction)" প্রত্যেক প্রবেশপত্রের উল্টোপাশে প্রিন্ট করতে হবে। Centre Code এবং Password লিখে Login করার পর Student Instruction বাটন প্রদর্শিত হবে।

প্রাপক :

কেন্দ্র সচিব,

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল এসএসসি-২০২০ পরীক্ষা কেন্দ্র।

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

ফোন : ০৯১-৫৩৩৩৫; ০১৩০৯-০০১৯৮৪

ই-মেইল: conbisemym@gmail.com

অনুলিপি :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
- ২। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
- ৩। প্রধান শিক্ষক, অত্র বোর্ডের আওতাধীন মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান;
- ৪। অফিস কপি।